চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়, চুয়াডাঙ্গা
www.chuadangapourashava.org
Email- chuadangapourasava@lgd.gov.bd

## পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান সমন্বয় কমিটির ৮ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব শারমিন আক্তার<br>প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা |
| স্থান | : পৌরসভা মিলনায়তন |
| তারিখ | : ২৪/০৫/২০২৫ খ্রি. |
| সময় | : বেলা : ১১-০০ ঘটিকা |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে পৌরসভার সার্বিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় এবং গত ২৯/০৪/২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পৌর নির্বাহী কর্মকর্তা পাঠ করে শোনান। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো:-

অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:-**<br><br>সভাপতির অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মত ভাবে দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহিত হয়। | গত সভার কার্যবিবরণী সর্বসম্মতি ক্রমে অনুমোদন হয় | পৌর পরিষদ |
| ০২ | **ট্রেড লাইসেন্স প্রদান বিষয়ে আলোচনা:-**<br><br>সভায় উপস্থিত জনাব অহিন্দ্র কুমার মন্ডল, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন চুয়াডাঙ্গা পৌর এলাকার মধ্যে অবস্থিত ব্যবসায়ীগণের ট্রেড লাইসেন্স প্রদানের বিষয়ে লাইসেন্স শাখাকে তৎপর হতে হবে। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পৌর এলাকার মধ্যে অবস্থিত ব্যবসায়ীগণের ডাটা কম্পিউটারে জরুরী ভিত্তিতে এন্ট্রি সম্পন্ন করার জন্য লাইসেন্স পরিদর্শক জনাব মোঃ আব্দুল মুহাইমিন পলাশকে নির্দেশ দেন। লাইসেন্স পরিদর্শক সভায় জানান এপ্রিল/২০২৫ মাসে লাইসেন্স নবায়ন হয়েছে মোট ৬৯টি এবং আয় হয়েছে ১,৬৭,৮৩৪/-টাকা। | পৌর এলাকার মধ্যে অবস্থিত সকল ব্যবসায়ীগণের ডাটা কম্পিউটারে জরুরী ভিত্তিতে আগামী ৩১ আগস্ট'২০২৫ তারিখের মধ্যে এন্ট্রি সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয় | লাইসেন্স শাখা |
| ০৩ | **পৌরসভার অবকাঠামো উন্নয়ন প্রসঙ্গে আলোচনা:-**<br><br>সভায় উপস্থিত পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান বলেন চুয়াডাঙ্গা পৌরসভার উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) এর আওতায় বাস্তবায়িত কাজগুলোর মধ্যে প্যাকেজ নং-CP/ADP/IFT-01থেকে 11 পর্যন্ত কাজগুলো স্পেসিফিকেশন অনুযায়ী শতভাগ সম্পন্ন হয়েছে। কিন্তু ফান্ড না থাকায় কিছু সংখ্যক ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের চূড়ান্ত বিল পরিশোধ করা সম্ভব হয়নি। ফান্ড প্রাপ্তি সাপেক্ষে বিল প্রদান করার প্রস্তাব করেন। সভায় উপস্থিত জনাব মোঃ মহসীন, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন উক্ত কাজ সঠিক ভাবে বাস্তবায়ন হয়েছে কিনা তা ফিল্ড পর্যায়ে সরেজমিনে পরিদর্শন পূর্বক কাজ সমূহ যথাযথ ভাবে সম্পন্ন হয়েছে কিনা এবং বিল প্রাপ্তির যথার্থতা যচাই পূর্বক প্রতিবেদন প্রদানের জন্য কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। গঠিত কমিটি বিল প্রাপ্তির যথার্থতার বিষয়ে প্রতিবেদন প্রদান করলে অর্থ প্রাপ্তি সাপেক্ষে বিল প্রদানের জন্য সুপারিশ করবেন।<br>সভায় উপস্থিত পৌরসভার নক্সাকার জনাব মোঃ আল-আমিন কবির জানান এপ্রির্ল' ২০২৫ মাসে নক্সা অনুমোদন হয়েছে ০০টি ও দাখিল হয়েছে ১৯টি। এপ্রির্ল'২০২৫ মাসে নক্সা বাবদ আয় হয়েছে ৫,৯৪,৪৬০/-টাকা। পৌরসভার সার্ভেয়ার জনাব মোঃ আবুল হাসেম বলেন এপ্রির্ল' ২০২৫ মাসে জমির আইল সীমানা পরিমাপ করা হয়েছে | সরেজমিনে পরিদর্শন পূর্বক ফান্ড প্রাপ্তি সাপেক্ষে ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের চুড়ান্ত বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ১৮টি এবং আয় হয়েছে ৫৪,০০০/-টাকা। | | |
| ০৪ | **পৌরসভার বিগত মাসের আয় ব্যয় এর হিসাব বিবরণী প্রসঙ্গে আলোচনাঃ-**<br><br>সভায় উপস্থিত জনাব মোঃ আমিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা পৌরসভার এপ্রিল'২৫ মাসের আয়-ব্যয়ের হিসাব জানতে চাইলে হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব মোঃ রিয়াজুল ইসলাম সভায় জানান যে, এপ্রিল'২৫ মাসের মোট পানি শাখার আয় ১২,০৩,৭৪৪.৬০ টাকা ও ব্যয় ৯,৫২,৭২৩.০০.০০ টাকা সমাপনি জের ২,৫১,০২১.৬০ টাকা এবং রাজস্ব খাতের আয় ৬২,০৯,৭৮৯.৩৭ টাকা ও রাজস্ব খাতের মোট ব্যয় ১৪,৯৩,৫৩৬.০০ টাকা সমাপনি জের ৪৭,১৬,২৫৩.৩৭ টাকা। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত হয়। | কম্পিউটারাইজড হিসাব সংরক্ষণ করার কাজ চলমান রাখা ও আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ০৫ | পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনাঃ-<br><br>পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে জানতে চাওয়া হলে অত্র পৌরসভার এ্যাসেসর জনাব মোঃ জাহাঙ্গীর আলম সভায় জানান যে, এপ্রিল/২৫ মাসে আদায় হয়েছে ২৬,৩২,০৮৮.০০ টাকা। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পৌরকর আদায়ের জন্য সংশ্লিষ্ট শাখাকে আরো তৎপর হওয়ার নির্দেশনা দেন। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বকেয়া কর আদায়ের ক্ষেত্রে সকল কর আদায়কারীকে তৎপর হওয়ার জন্য নির্দেশনা দেওয়া হয়। ওয়ার্ড পর্যায়ে পৌরকর আদায়ের সচেতনতা বৃদ্ধির ব্যবস্থা করা এবং ফাস্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি পৌরকরের জন্য নোটিশ প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত হয়। | পৌরকর আদায়ের জন্য ওয়ার্ড পর্যায়ে পৌরকর আদায়ের সচেতনতা বৃদ্ধির ব্যবস্থা করা এবং ফাস্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি পৌরকরের জন্য নোটিশ প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | এসেসর/কর শাখা |
| ০৬ | স্বাস্থ্য বিভাগের কার্যাবলী সর্ম্পকে আলোচনাঃ-<br><br>সভায় উপস্থিত মোঃ মাসুদুর রহমান সরকার, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা আলোচনাকালে জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানতে চান। সভায় উপস্থিত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম সভায় জানান যে, এপ্রিল'২৫ মাসে জন্ম নিবন্ধন হয়েছে ২৭০টি পুরুষ=১৩০ ও মহিলা=১৪০ এবং মৃত্যু নিবন্ধন হয়েছে ২৫টি পুরুষ=১৩ ও মহিলা=১২। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন, পরিবার পরিকল্পনা কার্যালয়ের মাধ্যমে জন্ম দানের সঠিক তথ্য পাওয়া যাবে। সেই সাথে টিকাদান কর্মসূচীকে আরো গতিশীল করতে হবে। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ বলেন জন্ম ও মৃত্যু নিবন্ধনের টার্গেট ফিলাপ করার জন্য সংশ্লিষ্ট শাখায় কর্মরত সকলকে আরও গুরুত্ব সহকারে দায়িত্ব পালন করার জন্য নির্দেশনা দেন। | জন্ম ও মৃত্যু নিবন্ধনের টার্গেট ফিলাপ করার জন্য সংশ্লিষ্ট শাখায় কর্মরত সকলকে আরো গুরুত্ব সহকারে দায়িত্ব পালন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সেনেটারী ইন্সপেক্টর |
| ০৭ | **ক) স্যানিটেশন সম্পর্কে আলোচনাঃ-**<br><br>ক) সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান বলেন পৌরসভার নিচের বাজারের মুরগী ব্যবসায়ীদের সৃষ্ট বর্জ্য সঠিকভাবে অপসারন না করার ফলে বাজারে দূর্গন্ধ ছড়াচ্ছে ফলে বাজারের পরিবেশ নষ্ট হচ্ছে। এজন্য সপ্তাহে ০১দিন বাজার বন্ধ রাখা প্রয়োজন। শ্রমিক আইনে সপ্তাহে ০১দিন বাজার বন্ধ রাখা আবশ্যিক। ইতিপূর্বে সপ্তাহের ০১দিন রবিবার বন্ধ থাকলেও তা বর্তমানে কার্যকর নাই। তবে বৃহস্পতিবার পশু জবেহ ও মাংশ বিক্রয় বন্ধ দিবস যাহা বর্তমানে কার্যকর। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সাথে আলোচনা পূর্বক জেলা মাসিক সমন্বয় কমিটির সভায় আলোচনা করে পরবর্তি সিদ্ধান্ত নেওয়া হবে। সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান বলেন পৌরসভার ০৩টি বাজারে (বড় বাজার, কেদারগঞ্জ বাজার ও রেল বাজার) মার্চ-২০২৫ ইং মাসে গরু জবেহ করা হয় ১৯০টি, ছাগল ১০৬৯টি। | সপ্তাহে ০১দিন বাজার বন্ধ রাখার ক্ষেত্রে জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সাথে আলোচনা পূর্বক জেলা মাসিক সমন্বয় কমিটির সভায় আলোচনা করে পরবর্তি সিদ্ধান্ত নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সেনেটারী ইন্সপেক্টর |
| ০৮ | **খ) টিকাদান কর্মসুচী সর্ম্পকে আলোচনাঃ-**<br><br>খ) সভায় টিকাদান কর্মসুচি সম্পর্কে জানতে চাইলে টিকাদান সুপারভাইজার জনাব মোঃ আলী হোসেন এপ্রিল/২০২৫ মাসে কাজের বিবরণ অত্র সভায় পেশ করেন। বিবরনঃ- বিসিজি-১৯৮টি, পেন্টা-১, ১৯৫টি, পেন্টা-২, ১৬৩টি, পেন্টা-৩, ১৬৭টি, পোলিও-১, ১৯৫টি, পোলিও-২, ১৬৩টি, পোলিও-৩, ১৬৭টি, পিসিভি-১, ১৯৫টি, | টিকাদান কার্যক্রমের কাজ গুরুপ্ত সহকারে পালনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | টিকাদান সুপারভাইজার |

| ক্রং নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | পিসিভি-২, ১৬৩টি, পিসিভি-৩, ১৬৭টি, এম আর-১, ১৯৪টি, এম আর-২, ১৯১টি, আইপিভি-১, ১৯৫টি, আইপিভি-২, ১৬৭টি, টিডি- ১, ১০৩টি, টিডি-২, ৯৩টি, টিডি-৩, ৬৭টি, টিডি-৪, ১০৪টি, টিডি-৫, ১২৩টি প্রদান করেন। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ টিকাদান কার্যক্রমের কাজ গুরুত্ত সহকারে পালনের জন্য সবাইকে দিক নির্দেশনা দেন। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী টিকাদান কর্মসূচীর আওতায় টিকা কার্যক্রমের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সংশ্লিষ্ট সকলকে সঠিক ভাবে দায়িত্ব পালনের জন্য টিকাদান সুপারভাইজারকে নির্দেশনা প্রদান করেন। | | |
| | **গ) ময়লা-আবর্জনা, পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম জোরদার বিষয়ে আলোচনা:**<br><br>সভায় উপস্থিত পৌরসভার কঞ্জারভেন্সি পরিদর্শক জনাব মোঃ জুবায়ের রহমান বলেন কুরবানীর দিন পরিস্কার পরিচ্ছন্ন করার জন্য ব্লিচিং পাউডার প্রয়োজন। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন কুরবানীর দিন ময়লা আবর্জনা পরিস্কার করার জন্য যেসকল উপকরণ প্রয়োজন তা ঈদ-উল-আযহার আগেই প্রস্তুত রাখার জন্য কঞ্জারভেন্সি পরিদর্শকে নির্দেশনা দেন। এবং চুয়াডাঙ্গা আলিয়া মাদ্রাসার রাস্তায় ভ্যাটস্ এর ব্যবস্থা করতে বলেন। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ চুয়াডাঙ্গা পৌর এলাকার মধ্যে অবস্থিত যে সকল রাস্তা ড্রেন আছে তা নিয়মিত ভাবে পরিষ্কার করার জন্য কঞ্জারভেন্সী পরিদর্শককে নির্দেশ দেন। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার উক্ত কাজ যথা সময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট শাখাকে পুনরায় নির্দেশনা দেন। এবং চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পরিচ্ছন্নতাকর্মী না রাখার বিষয়ে প্রস্তাব করলে সভায় উপস্থিত কমিটির সদস্যদের সর্বসম্মতিক্রমে তা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | কুরবানীর দিন ময়লা আবর্জনা পরিস্কার করার জন্য যেসকল উপকরণ প্রয়োজন তা ঈদ-উল-আযহার আগেই প্রস্তুত রাখার জন্য কঞ্জারভেন্সি পরিদর্শকে নির্দেশনা দেওয়া এবং চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পরিচ্ছন্নতাকর্মী না রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ/কঞ্জারভেন্সী শাখা |
| ০৯ | **পানি শাখার কার্যাবলী প্রসঙ্গে আলোচনা:**<br><br>সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী দায়িত্ব প্রাপ্ত (পানি) শাখা নিম্ন আকারে এপ্রিল/২৫ মাসের কাজের প্রতিবেদন অত্র সভায় দাখিল করেন। নতুন সংযোগ ১৭টা, পুনঃ সংযোগ ০১টা, ডায়া উন্নয়ন ০০ টা, নাম পরিবর্তন ০১টা, স্থান পরিবর্তন-০০টা, ডায়া কর্তন-০১টা (খেলাপি গ্রাহক), ২৪-২৫ অর্থ বছরে জুন/২৫ পর্যন্ত মোট দাবী=২,৮৬,৬১,৬৩৭/-টাকা। এপ্রিল'২০২৫ইং পর্যন্ত মোট আদায় =২,২৮,৫৯,৩৮১/-টাকা, বকেয়া দাবী=৪৭,২০,৭০৪/-টাকা, এপ্রির্ল'২০২৫ মাসে বকেয়া সহ আদায়=২৪,৩০,৩৯৮/-টাকা। কম্পিউটার/লেজার পোষ্টিং ৫৬০১ টা ভাঃ, মোট পানির গ্রাহক সংখ্যা ৭৮৭৮ (কর্তন ১১৮২) মোট মটর গ্রাহক সংখ্যা ৮৮৭ টা। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পানি শাখার কার্যক্রম আরও গতিশীল করা জন্য পানি শাখার দায়িত্বরত প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামানকে নির্দেশনা দেন। | পানি শাখার কার্যক্রম গতিশীল করার জন্য পানি শাখায় কর্মরত সবাইকে আরো দায়িত্বশীল হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহাকারী প্রকৌশলী |
| ১১ | বিবিধ:-<br>ক) পরিচ্ছন্নতা কর্মীদের হাজিরা বৃদ্ধির বিষয়ে আলোচনা:<br>সভায় উপস্থিত কঞ্জারভেন্সী পরিদর্শক জনাব মোঃ জুবায়ের রহমান বলেন পৌরসভার পরিচ্ছন্নতা কর্মীদের বর্তমান বাজার অনুযায়ী হাজিরা বৃদ্ধি করা প্রয়োজন। তাদেরকে প্রতিদিন যে হাজিরার অর্থ প্রদান করা হয় তা বর্তমান বাজার দরের সাথে অসঙ্গতিপূর্ণ এবং অপ্রতুল বিধায় সভায় উপস্থিত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বলেন পৌরসভার সক্ষমতা অনুযায়ী দৈনিক হাজিরা ভিত্তিক পরিচ্ছন্নতা কর্মীদের জুন'২৫ হতে ২০/-(বিশ) টাকা হারে প্রতিদিন বৃদ্ধির প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক সভায় উপস্থিত সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে উক্ত টাকা বৃদ্ধির সিদ্ধান্ত হয়। | ক) দৈনিক হাজিরা ভিত্তিক পরিচ্ছন্নতা কর্মীদের জুন'২৫ হতে ২০/-(বিশ) টাকা হারে প্রতিদিন বৃদ্ধির সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন বিভাগ |
| | খ) সকল সনদ অন লাইনে আবেদন করার বিষয়ে আলোচনা:<br><br>সভায় উপস্থিত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বলেন পৌরসভা কর্তৃক সকল প্রকার প্রত্যয়ন অন লাইনে আবেদন ফি বাবদ ৫০/-টাকা হারে নেওয়ার প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক সভায় উপস্থিত জনাব দিলআরা চৌধুরী, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা, বলেন সকল প্রকার সনদ অন লাইন আবেদন পৌরসভা কর্তৃক করলে সেবা গ্রহীতাদের সমস্যা অনেকটা লাঘব হবে। | খ) সকল প্রকার প্রত্যয়ন অন লাইনে আবেদন ফি বাবদ ৫০/-টাকা হারে নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন বিভাগ |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | গ) সরকারি সহায়তা ভিজিএফ (চাউল) বিতরণ বিষয়ে আলোচনাঃ<br>সভায় উপস্থিত কঞ্জারভেন্সী পরিদর্শক জনাব মোঃ জুবায়ের রহমান ঈদ-উল-আযহা উপলক্ষে সরকারি সহায়তা ভিজিএফ বাবদ ৪৬.২১০টন চাউল বিতরণ করার জন্য নির্দিষ্ট তারিখ নির্ধারণ করা প্রয়োজন। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এ. সাইফুল্লাহ বলেন আগামী ৩০, ৩১ মে ও ১ জুন ২০২৫ তারিখ সকাল ৭.০০টা হতে বিতরণ করা যেতে পারে। প্রস্তাব মোতাবেক উপস্থিত সকল সদস্যদের সম্মতিক্রমে তা বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত হয়।<br><br>পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার ভিজিএফের চাউল বিতরণ পূর্বক মাষ্টার রোল (নাম, পিতার নাম, জাতীয় পরিচয় পত্র নম্বর ও স্বাক্ষর সম্বলিত) সংরক্ষণ পূর্বক নথিতে সংযুক্ত রাখার নির্দেশনা দেন। | ক) সরকারি সহায়তা ভিজিএফ বাবদ ৪৬.২১০টন চাউল আগামী ৩০, ৩১ মে ও ১ জুন ২০২৫ তারিখ সকাল ৭.০০টা হতে বিতরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) ভিজিএফের চাউল বিতরণ পূর্বক যথাযথ ভাবে মাষ্টার রোল সংরক্ষণ পূর্বক নথিতে সংযুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন শাখা |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলের সু-স্বাস্থ্য ও মঙ্গল কামনা সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২২/০৬/২৫

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা

স্মারক নং-চুয়াঃ পৌঃ/২০২৫/৮০৯(১৪) তারিখ: ২২/০৬/২০২৫খ্রি.

➤ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো:-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা
৪। প্রকল্প পরিচালক ওটএওচ এলজিইডি ভবন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
৫। বিভাগীয়/শাখা প্রধান, চুয়াডাঙ্গা পৌরসভা।
৬-১৪। জনাব.....................................................................................সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা।

২২/০৬/২৫

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা